

শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
জলবায়ু পরিবর্তন-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moef.gov.bd



স্মারক নম্বর: ২২.০০.০০০০.০৮৬.১৪.০৪১.২০.১৮২

তারিখ: ১১ শ্রাবণ ১৪২৭

২৬ জুলাই ২০২০

বিষয়: জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED) কর্তৃক বাস্তবায়নাধীন “বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলায় রোয়ানুতে ক্ষতিগ্রস্ত সড়ক মেরামত/উন্নয়ন” শীর্ষক প্রকল্পের সংশোধিত প্রশাসনিক অনুমোদন আদেশ জারি সংক্রান্ত।

সূত্র: বিসিসিটি হতে প্রাপ্ত পত্র নং: ২২.০৬.০০০০.১২৪.১৪.৯৪৭.১৬.১২৩, তারিখ: ১৩/০৭/২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের অনুবৃত্তিক্রমে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বর্ণিত প্রকল্পটি গত ২৯/০৯/২০১৬ তারিখে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট এর ট্রাস্টি বোর্ডের ৪১তম সভায় প্রাক্কলিত ব্যয় ৪৯৪.০০ (চারশত চুরানব্বই) লক্ষ টাকায় জানুয়ারি ২০১৭ হতে জানুয়ারি ২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে প্রশাসনিক মন্ত্রণালয় হতে প্রাপ্ত সংশোধিত প্রকল্প প্রস্তাবটি ০১/০৯/২০১৯ তারিখে জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডের ৫১তম সভায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ৩০ জুন ২০২০ পর্যন্ত বৃদ্ধিপূর্বক অনুমোদিত হয়। পরবর্তীতে পুনরায় ২৬/০২/২০২০ তারিখে জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডের ৫২তম সভায় উক্ত প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে আন্তঃখাত সমন্বয়সহ মেয়াদ ডিসেম্বর ২০২০ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব অনুমোদিত হয়। ট্রাস্টি বোর্ডের সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে বর্ণিত প্রকল্পের সংশোধিত প্রশাসনিক আদেশ জারি করা হলো। অনুমোদিত প্রকল্প প্রস্তাবের এক প্রস্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

প্রকল্পটির মূল মেয়াদকাল: জানুয়ারি, ২০১৭ হতে জানুয়ারি, ২০১৯ পর্যন্ত।

প্রকল্পটির মেয়াদকাল (সংশোধিত): জানুয়ারি, ২০১৭ হতে ডিসেম্বর, ২০২০।

বাস্তবায়নকারী সংস্থা: স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED)

প্রকল্পটির অনুমোদিত আইটেম ও আইটেম ওয়ারী ব্যয় বিভাজন নিম্নরূপ:

(অংকসমূহ লক্ষ টাকায়)

ক্র: নং	অর্থনৈতিক কোড	খাতের বিবরণ (নির্মাণ ও পূর্ত)	টাকার পরিমাণ
১	৩২৫৫১	সরবরাহ ও সেবা	২.০০
(ক) মোট রাজস্ব ব্যয়			২.০০
২	৪১১১৩	নির্মাণ ও পূর্ত (গ্রামীণ সড়ক উন্নয়ন)	৪১৩.৬৮
(খ) মোট মূলধন ব্যয়			৪১৩.৬৮
সর্বমোট ব্যয় (ক+খ)			৪১৫.৬৮

প্রকল্প বাস্তবায়নের অন্যান্য শর্তাবলী:

- ১। প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন, বাস্তবায়ন, অর্থ অবমুক্তি এবং ব্যবহার নীতিমালা অনুসরণ করতে হবে;
- ২। এ অর্থ সরকারের প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক ব্যয় করতে হবে এবং প্রকল্পের আওতায় উল্লিখিত ক্রয়ের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের Public Procurement Act (PPA), ২০০৬ এবং Public Procurement Rule (PPR), ২০০৮ অনুসরণ করতে হবে;
- ৩। এ অনুমোদন আদেশ জারির পর প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয় যথাশীঘ্র প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ করবে এবং বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে;
- ৪। অনুমোদিত প্রকল্প প্রস্তাব বহির্ভূত কোন অংশে এ অর্থ ব্যয় করা যাবে না;
- ৫। প্রকল্পের আওতায় Project Implementation Committee (PIC) গঠনপূর্বক বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টকে অবহিত করতে হবে;
- ৬। প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প কার্যক্রম নিয়মিত মনিটরিংপূর্বক প্রতিবেদন বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট-এ প্রেরণ করতে হবে;